একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

উপকরণ-২ শাখা

www.moa.gov.bd

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২৩.১৮১

তারিখ : ১৪ জ্যৈষ্ঠ ১৪৩২ / ২৮ মে ২০২৫

**বিষয়: ২০২৪-২৫ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাত হতে প্রণোদনা কর্মসূচির আওতায় নারিকেলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে নারিকেল চারা বিতরণ বাবদ প্রণোদনা কর্মসূচির জি.ও জারি।**

সূত্র: কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২৩.১৭৭, তারিখ: ২৭/০৫/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, অর্থ বিভাগের অনুমোদনক্রমে ২০২৪-২৫ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাত হতে নারিকেলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাঝে বিনামূল্যে নারিকেল চারা বিতরণ প্রণোদনা কর্মসূচি বাবদ ছাড়কৃত ৯৬২.৫০০ লক্ষ (নয় কোটি বাষট্টি লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ০২ নং অনুচ্ছেদে মোতাবেক জেলাওয়ারী প্রণোদনা কর্মসূচির বিবরণ, ০৩ নং অনুচ্ছেদে উল্লিখিত বাস্তবায়ন পদ্ধতি, শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

০২। এ প্রণোদনা কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন (এক নজরে প্রণোদনা কর্মসূচি)

(লক্ষ টাকা)

| ক্র: নং | জেলার নাম | উপকারভোগী কৃষকের সংখ্যা | চারার পরিমান (সংখ্যা) | প্রতিষ্ঠানে চারার সংখ্যা | মোট চারার সংখ্যা | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ‘৩২৫১১০৯- বীজ ও চারা’ | ‘৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান’ | | | |
| | | | | | | | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য ব্যয় | |
| ১ | ঢাকা | ১০০০ | ৫০০০ | ৪০০০ | ৯০০০ | ১২.১৫০ | ০.১৩৫ | ০.০৯০ | ০.২২৫ | ১২.৩৭৫ |
| ২ | নারায়ণগঞ্জ | ১০০০ | ৫০০০ | ৪০০০ | ৯০০০ | ১২.১৫০ | ০.১৩৫ | ০.০৯০ | ০.২২৫ | ১২.৩৭৫ |
| ৩ | গাজীপুর | ২০০০ | ১০০০০ | ৪০০০ | ১৪০০০ | ১৮.৯০০ | ০.২১০ | ০.১৪০ | ০.৩৫০ | ১৯.২৫০ |
| ৪ | নরসিংদী | ০ | ০ | ৩০০০ | ৩০০০ | ৪.০৫০ | ০.০৪৫ | ০.০৩০ | ০.০৭৫ | ৪.১২৫ |
| ৫ | মুন্সীগঞ্জ | ২০০০ | ১০০০০ | ৩০০০ | ১৩০০০ | ১৭.৫৫০ | ০.১৯৫ | ০.১৩০ | ০.৩২৫ | ১৭.৮৭৫ |
| ৬ | মানিকগঞ্জ | ২০০০ | ১০০০০ | ৪০০০ | ১৪০০০ | ১৮.৯০০ | ০.২১০ | ০.১৪০ | ০.৩৫০ | ১৯.২৫০ |
| ৭ | টাঙ্গাইল | ২৫০০ | ১২৫০০ | ৩০০০ | ১৫৫০০ | ২০.৯২৫ | ০.২৩৩ | ০.১৫৫ | ০.৩৮৮ | ২১.৩১৩ |
| ৮ | কিশোরগঞ্জ | ০ | ০ | ১০০০ | ১০০০ | ১.৩৫০ | ০.০১৫ | ০.০১০ | ০.০২৫ | ১.৩৭৫ |
| ৯ | ময়মনসিংহ | ৩০০০ | ১৫০০০ | ৩০০০ | ১৮০০০ | ২৪.৩০০ | ০.২৭০ | ০.১৮০ | ০.৪৫০ | ২৪.৭৫০ |
| ১০ | জামালপুর | ০ | ০ | ৩০০০ | ৩০০০ | ৪.০৫০ | ০.০৪৫ | ০.০৩০ | ০.০৭৫ | ৪.১২৫ |
| ১১ | শেরপুর | ২০০০ | ১০০০০ | ৪০০০ | ১৪০০০ | ১৮.৯০০ | ০.২১০ | ০.১৪০ | ০.৩৫০ | ১৯.২৫০ |
| ১২ | নেত্রকোনা | ০ | ০ | ১০০০ | ১০০০ | ১.৩৫০ | ০.০১৫ | ০.০১০ | ০.০২৫ | ১.৩৭৫ |
| ১৩ | কুমিল্লা | ২৫০০ | ১২৫০০ | ৪০০০ | ১৬৫০০ | ২২.২৭৫ | ০.২৪৮ | ০.১৬৫ | ০.৪১৩ | ২২.৬৮৮ |
| ১৪ | চাঁদপুর | ২৫০০ | ১২৫০০ | ৩০০০ | ১৫৫০০ | ২০.৯২৫ | ০.২৩৩ | ০.১৫৫ | ০.৩৮৮ | ২১.৩১৩ |
| ১৫ | ব্রাহ্মণবাড়িয়া | ২০০০ | ১০০০০ | ৪০০০ | ১৪০০০ | ১৮.৯০০ | ০.২১০ | ০.১৪০ | ০.৩৫০ | ১৯.২৫০ |
| ১৬ | সিলেট | ২০০০ | ১০০০০ | ৪০০০ | ১৪০০০ | ১৮.৯০০ | ০.২১০ | ০.১৪০ | ০.৩৫০ | ১৯.২৫০ |
| ১৭ | মৌলভীবাজার | ০ | ০ | ১০০০ | ১০০০ | ১.৩৫০ | ০.০১৫ | ০.০১০ | ০.০২৫ | ১.৩৭৫ |
| ১৮ | হবিগঞ্জ | ০ | ০ | ১০০০ | ১০০০ | ১.৩৫০ | ০.০১৫ | ০.০১০ | ০.০২৫ | ১.৩৭৫ |
| ১৯ | সুনামগঞ্জ | ০ | ০ | ১০০০ | ১০০০ | ১.৩৫০ | ০.০১৫ | ০.০১০ | ০.০২৫ | ১.৩৭৫ |
| ২০ | চট্টগ্রাম | ২০০০ | ১০০০০ | ৪০০০ | ১৪০০০ | ১৮.৯০০ | ০.২১০ | ০.১৪০ | ০.৩৫০ | ১৯.২৫০ |
| ২১ | কক্সবাজার | ২০০০ | ১০০০০ | ৩০০০ | ১৩০০০ | ১৭.৫৫০ | ০.১৯৫ | ০.১৩০ | ০.৩২৫ | ১৭.৮৭৫ |
| ২২ | নোয়াখালী | ৩০০০ | ১৫০০০ | ৪০০০ | ১৯০০০ | ২৫.৬৫০ | ০.২৮৫ | ০.১৯০ | ০.৪৭৫ | ২৬.১২৫ |
| ২৩ | ফেনী | ২০০০ | ১০০০০ | ৩০০০ | ১৩০০০ | ১৭.৫৫০ | ০.১৯৫ | ০.১৩০ | ০.৩২৫ | ১৭.৮৭৫ |
| ২৪ | লক্ষীপুর | ৩৫০০ | ১৭৫০০ | ৩০০০ | ২০৫০০ | ২৭.৬৭৫ | ০.৩০৮ | ০.২০৫ | ০.৫১৩ | ২৮.১৮৮ |
| ২৫ | রাংগামাটি | ০ | ০ | ৪০০০ | ৪০০০ | ৫.৪০০ | ০.০৬০ | ০.০৪০ | ০.১০০ | ৫.৫০০ |
| ২৬ | খাগড়াছড়ি | ০ | ০ | ৩০০০ | ৩০০০ | ৪.০৫০ | ০.০৪৫ | ০.০৩০ | ০.০৭৫ | ৪.১২৫ |
| ২৭ | বান্দরবান | ০ | ০ | ৩০০০ | ৩০০০ | ৪.০৫০ | ০.০৪৫ | ০.০৩০ | ০.০৭৫ | ৪.১২৫ |
| ২৮ | রাজশাহী | ০ | ০ | ৩০০০ | ৩০০০ | ৪.০৫০ | ০.০৪৫ | ০.০৩০ | ০.০৭৫ | ৪.১২৫ |
| ২৯ | নওগাঁ | ০ | ০ | ৩০০০ | ৩০০০ | ৪.০৫০ | ০.০৪৫ | ০.০৩০ | ০.০৭৫ | ৪.১২৫ |

| ক্র: নং | জেলার নাম | উপকারভোগী কৃষকের সংখ্যা | চারার পরিমান (সংখ্যা) | প্রতিষ্ঠানে চারার সংখ্যা | মোট চারার সংখ্যা | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | '৩২৫১১০৯- বীজ ও চারা' | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | |
| | | | | | | | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য ব্যয় | |
| ৩০ | নাটোর | ২০০০ | ১০০০০ | ৩০০০ | ১৩০০০ | ১৭.৫৫০ | ০.১৯৫ | ০.১৩০ | ০.৩২৫ | ১৭.৮৭৫ |
| ৩১ | চাঁপাইনবাবগঞ্জ | ০ | ০ | ৩০০০ | ৩০০০ | ৪.০৫০ | ০.০৪৫ | ০.০৩০ | ০.০৭৫ | ৪.১২৫ |
| ৩২ | বগুড়া | ২০০০ | ১০০০০ | ৩০০০ | ১৩০০০ | ১৭.৫৫০ | ০.১৯৫ | ০.১৩০ | ০.৩২৫ | ১৭.৮৭৫ |
| ৩৩ | জয়পুরহাট | ০ | ০ | ৩০০০ | ৩০০০ | ৪.০৫০ | ০.০৪৫ | ০.০৩০ | ০.০৭৫ | ৪.১২৫ |
| ৩৪ | পাবনা | ২০০০ | ১০০০০ | ৪০০০ | ১৪০০০ | ১৮.৯০০ | ০.২১০ | ০.১৪০ | ০.৩৫০ | ১৯.২৫০ |
| ৩৫ | সিরাজগঞ্জ | ০ | ০ | ৩০০০ | ৩০০০ | ৪.০৫০ | ০.০৪৫ | ০.০৩০ | ০.০৭৫ | ৪.১২৫ |
| ৩৬ | রংপুর | ২০০০ | ১০০০০ | ৪০০০ | ১৪০০০ | ১৮.৯০০ | ০.২১০ | ০.১৪০ | ০.৩৫০ | ১৯.২৫০ |
| ৩৭ | গাইবান্ধা | ২০০০ | ১০০০০ | ৪০০০ | ১৪০০০ | ১৮.৯০০ | ০.২১০ | ০.১৪০ | ০.৩৫০ | ১৯.২৫০ |
| ৩৮ | কুড়িগ্রাম | ০ | ০ | ৩০০০ | ৩০০০ | ৪.০৫০ | ০.০৪৫ | ০.০৩০ | ০.০৭৫ | ৪.১২৫ |
| ৩৯ | লালমনিরহাট | ০ | ০ | ৩০০০ | ৩০০০ | ৪.০৫০ | ০.০৪৫ | ০.০৩০ | ০.০৭৫ | ৪.১২৫ |
| ৪০ | নীলফামারী | ০ | ০ | ৩০০০ | ৩০০০ | ৪.০৫০ | ০.০৪৫ | ০.০৩০ | ০.০৭৫ | ৪.১২৫ |
| ৪১ | দিনাজপুর | ০ | ০ | ৩০০০ | ৩০০০ | ৪.০৫০ | ০.০৪৫ | ০.০৩০ | ০.০৭৫ | ৪.১২৫ |
| ৪২ | ঠাকুরগাঁও | ০ | ০ | ৩০০০ | ৩০০০ | ৪.০৫০ | ০.০৪৫ | ০.০৩০ | ০.০৭৫ | ৪.১২৫ |
| ৪৩ | পঞ্চগড় | ০ | ০ | ৩০০০ | ৩০০০ | ৪.০৫০ | ০.০৪৫ | ০.০৩০ | ০.০৭৫ | ৪.১২৫ |
| ৪৪ | যশোর | ২৫০০ | ১২৫০০ | ৩০০০ | ১৫৫০০ | ২০.৯২৫ | ০.২৩৩ | ০.১৫৫ | ০.৩৮৮ | ২১.৩১৩ |
| ৪৫ | ঝিনাইদহ | ৩০০০ | ১৫০০০ | ৪০০০ | ১৯০০০ | ২৫.৬৫০ | ০.২৮৫ | ০.১৯০ | ০.৪৭৫ | ২৬.১২৫ |
| ৪৬ | মাগুড়া | ২৫০০ | ১২৫০০ | ৩০০০ | ১৫৫০০ | ২০.৯২৫ | ০.২৩৩ | ০.১৫৫ | ০.৩৮৮ | ২১.৩১৩ |
| ৪৭ | কুষ্টিয়া | ৩০০০ | ১৫০০০ | ৩০০০ | ১৮০০০ | ২৪.৩০০ | ০.২৭০ | ০.১৮০ | ০.৪৫০ | ২৪.৭৫০ |
| ৪৮ | চুয়াডাঙ্গা | ০ | ০ | ৩০০০ | ৩০০০ | ৪.০৫০ | ০.০৪৫ | ০.০৩০ | ০.০৭৫ | ৪.১২৫ |
| ৪৯ | মেহেরপুর | ০ | ০ | ৩০০০ | ৩০০০ | ৪.০৫০ | ০.০৪৫ | ০.০৩০ | ০.০৭৫ | ৪.১২৫ |
| ৫০ | খুলনা | ২৫০০ | ১২৫০০ | ৪০০০ | ১৬৫০০ | ২২.২৭৫ | ০.২৪৮ | ০.১৬৫ | ০.৪১৩ | ২২.৬৮৮ |
| ৫১ | বাগেরহাট | ৫৫০০ | ২৭৫০০ | ৩০০০ | ৩০৫০০ | ৪১.১৭৫ | ০.৪৫৮ | ০.৩০৫ | ০.৭৬৩ | ৪১.৯৩৮ |
| ৫২ | সাতক্ষীরা | ২৫০০ | ১২৫০০ | ৩০০০ | ১৫৫০০ | ২০.৯২৫ | ০.২৩৩ | ০.১৫৫ | ০.৩৮৮ | ২১.৩১৩ |
| ৫৩ | নড়াইল | ২০০০ | ১০০০০ | ৩০০০ | ১৩০০০ | ১৭.৫৫০ | ০.১৯৫ | ০.১৩০ | ০.৩২৫ | ১৭.৮৭৫ |
| ৫৪ | বরিশাল | ৫৫০০ | ২৭৫০০ | ৪০০০ | ৩১৫০০ | ৪২.৫২৫ | ০.৪৭৩ | ০.৩১৫ | ০.৭৮৮ | ৪৩.৩১৩ |
| ৫৫ | পিরোজপুর | ৩০০০ | ১৫০০০ | ৩০০০ | ১৮০০০ | ২৪.৩০০ | ০.২৭০ | ০.১৮০ | ০.৪৫০ | ২৪.৭৫০ |
| ৫৬ | ঝালকাঠি | ২৫০০ | ১২৫০০ | ৩০০০ | ১৫৫০০ | ২০.৯২৫ | ০.২৩৩ | ০.১৫৫ | ০.৩৮৮ | ২১.৩১৩ |
| ৫৭ | পটুয়াখালী | ২৫০০ | ১২৫০০ | ৩০০০ | ১৫৫০০ | ২০.৯২৫ | ০.২৩৩ | ০.১৫৫ | ০.৩৮৮ | ২১.৩১৩ |
| ৫৮ | বরগুনা | ২৫০০ | ১২৫০০ | ৩০০০ | ১৫৫০০ | ২০.৯২৫ | ০.২৩৩ | ০.১৫৫ | ০.৩৮৮ | ২১.৩১৩ |
| ৫৯ | ভোলা | ৫৫০০ | ২৭৫০০ | ৩০০০ | ৩০৫০০ | ৪১.১৭৫ | ০.৪৫৮ | ০.৩০৫ | ০.৭৬৩ | ৪১.৯৩৮ |
| ৬০ | ফরিদপুর | ২০০০ | ১০০০০ | ৪০০০ | ১৪০০০ | ১৮.৯০০ | ০.২১০ | ০.১৪০ | ০.৩৫০ | ১৯.২৫০ |
| ৬১ | মাদারীপুর | ২০০০ | ১০০০০ | ৩০০০ | ১৩০০০ | ১৭.৫৫০ | ০.১৯৫ | ০.১৩০ | ০.৩২৫ | ১৭.৮৭৫ |
| ৬২ | গোপালগঞ্জ | ০ | ০ | ৩০০০ | ৩০০০ | ৪.০৫০ | ০.০৪৫ | ০.০৩০ | ০.০৭৫ | ৪.১২৫ |
| ৬৩ | রাজবাড়ী | ২০০০ | ১০০০০ | ৩০০০ | ১৩০০০ | ১৭.৫৫০ | ০.১৯৫ | ০.১৩০ | ০.৩২৫ | ১৭.৮৭৫ |
| ৬৪ | শরীয়তপুর | ২০০০ | ১০০০০ | ৩০০০ | ১৩০০০ | ১৭.৫৫০ | ০.১৯৫ | ০.১৩০ | ০.৩২৫ | ১৭.৮৭৫ |
| | মোট | **১০০০০০** | **৫০০০০০** | **২০০০০০** | **৭০০০০০** | **৯৪৫.০০০** | ১০.৫০০ | ৭.০০০ | **১৭.৫০০** | **৯৬২.৫০** |

* প্রতি কৃষক দেশি জাতের ৫টি নারিকেলের চারা পাবে;
* প্রতিষ্ঠান কর্তৃক মোট ২০০০০০ টি নারিকেলের চারা প্রদান করা হবে;
* প্রতিটি চারার মূল্য = ১৩৫.০০ টাকা ধরা হয়েছে।
* পরিবহন ব্যয় = প্রতি কেজি ১.৫০ টাকা ধরা হয়েছে।
*আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয়= প্রতি কেজি ১.০০ টাকা ধরা হয়েছে।

০৩। কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০০৮ অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

২. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বিগত বছরের নারিকেল আবাদের জমি এবং নারিকেল আবাদের সম্ভাবনার নিরীখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে উপজেলা ও প্রতিষ্ঠানওয়ারী বিভাজন করবেন। উপজেলাওয়ারী উপকারভোগী (কৃষক) বিভাজনের পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করে নারিকেল চাষাবাদের উপযুক্ততা ও লক্ষ্যমাত্রা অনুযায়ী ইউনিয়নভিত্তিক বিভাজন করবেন। তদানুযায়ী উপসহকারী কৃষি কর্মকর্তা নারিকেল চাষাবাদকারী উপযুক্ত আগ্রহী কৃষকের অগ্রাধিকার তালিকা প্রণয়ন করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির তত্ত্বাবধানে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন ও উপকরণ বিতরণসহ অন্যান্য কার্যক্রম বরাদ্দকৃত অর্থ হতে এ আদেশে বর্ণিত পদ্ধতি ও শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন। উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফট কপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবেন। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিত প্রতিবেদন সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৩. কর্মসূচি প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি দ্রুততম সময়ে তালিকাভুক্ত কৃষকের মাঝে উপকরণ বিতরণ কার্যক্রম শুরু করবেন। কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

৪. ২০২৪-২৫ মৌসুমে নারিকেল চাষে সহযোগিতার জন্য অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক ৫টি নারিকেল চারা সহায়তা পাবেন;

৫. অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক পরিবারকে শুধুমাত্র বসতবাড়িতে নারিকেল চারা রোপনের জন্য প্রণোদনা সহায়তা প্রদান করা যাবে। জেলা/উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক নির্বাচিত প্রতিষ্ঠানে প্রদত্ত নারিকেল চারার সংখ্যা জেলা/ উপজেলা পুনর্বাসন কমিটি নির্ধারণ করবেন। তদানুযায়ী উপসহকারী কৃষি কর্মকর্তা নারিকেল চাষাবাদকারী উপযুক্ত আগ্রহী কৃষকের অগ্রাধিকার তালিকা প্রণয়ন করবেন এবং উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত অগ্রাধিকার তালিকা অনুমোদন করবেন;

৬. জেলা/উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক নির্ধারিত চারা প্রতিষ্ঠান প্রধান/উপর্যুক্ত প্রতিনিধিকে প্রদান করতে হবে;

৭. স্থানীয় উপযোগিতার ভিত্তিতে অধিক ফলনশীল নারিকেল চারা বিএডিসি হতে নির্ধারিত মূল্যে সন্তোষজনক মান যাচাই সাপেক্ষে জেলা/উপজেলা পুনর্বাসন কমিটির সিদ্ধান্ত মোতাবেক সংগ্রহ করতে হবে। কাঙ্ক্ষিত মানের না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৮. জেলা হতে উপজেলার দূরত্ব ও বাস্তবতার নিরিখে পরিবহন ব্যয় জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবেন;

৯. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনা জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ০১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন এবং এর ০১ (এক) কপি ৬১ টি জেলার জেলা প্রশাসক ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং ৩ (তিন) পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করবেন। এছাড়া, উপকারভোগী কৃষকের তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১০. এ কর্মসূচির আওতায় রোপনকৃত নারিকেল চারা এর সার্বিক প্রতিবেদন প্রতিবছর জুন মাসে **ই-মেইলযোগে** admonitoring@dae.gov.bd/ ddimplement@dae.gov.bd এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন;

১১. প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার পরে যথাসম্ভব দ্রুততার সাথে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক admonitoring@dae.gov.bd/ddmonitoring@yahoo.com ই-মেইলে প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ৬১ টি জেলার জেলা প্রশাসক ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং ৩ (তিন) পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে। অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে। কোনোভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না;

১০. চারা ও অন্যান্য ব্যয় বাবদ অর্থ বিতরণের সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে; এবং

১২. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য প্রণোদনা/ পুনর্বাসন কর্মসূচির সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবে; এবং

১২. প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের (E-mail- admonitoring@dae.gov.bd ও **ddmonitoring@yahoo.com) মাধ্যমে প্রেরণ করা হলে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)**

জেলার নাম:

উপজেলার নাম:

ইউনিয়ন/ পৌরসভার নাম :

গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| ক্রঃ নং | কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত চারা সহায়তার বিবরণ | ফসল উৎপাদন পর্যন্ত উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | চারার নাম ও জাত-<br>চারার পরিমাণ- | |

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-input2@moa.gov.bd/
moa.input2@gmail.com

বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১. চেয়ারম্যান, জেলা পরিষদ (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি) ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
২. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৬১ জেলা)।

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২৩.১৮১

তারিখ : ১৪ জ্যৈষ্ঠ ১৪৩২ / ২৮ মে ২০২৫

অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৬. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৭. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিকমিয়া এভিনিউ, ঢাকা।
৮. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)**।
১১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৪. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. উপসচিব, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট জেলা)।
১৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা) **(শর্ত মোতাবেক যথাসময়ে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)**
১৮. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৯. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে ব্যয় সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ)**।
২০. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
২১. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব